The main purpose of this book is to support Community Based Rehabilitation (CBR) workers, parents, families and school teachers in helping deaf children to learn language in an informal, relaxed and engaging manner. The book provides a framework to learn sign language, reading and writing skills through pictures, signs, workshops using vocabulary and conversation from everyday life.

deafchild worldwide

Email: info@deafchildworldwide.org
Website: www.deafchildworldwide.info

BIG LOTTERY FUND
LOTTERY FUNDED

NOT FOR SALE

বধিরতাযুক্ত শিশুর
ভাষা শিক্ষা

# জানবো এবার

deafchild worldwide

প্রথম ভাগ

Janbo Ebar (Pratham Bhag)

A book for language development of deaf children

Published by : Deaf Child Worldwide

1st Edition - Printed on August 2015

This book is not for sale

This project is supported by the **National Lottery** through the **Big Lottery Fund**.

**Who we are**
Deaf Child Worldwide is the leading UK charity committed to supporting deaf children and young people in some of the world's poorest communities. We provide vital support for deaf children and young people in South Asia, East Africa and Latin America, focusing on communities where the need is greatest. We work with partner organisations to ensure that deaf children and young people are fully included in family, education and community life.
Deaf Child Worldwide is the international development arm of the National Deaf Children's Society (charity number 1016532).

**What we do**
Our mission is to remove the barriers to the achievement of deaf children throughout the world.

**We do this by:**
- Empowering deaf children, young people and their families to determine what happens in their lives and shape the services they receive.
- Increasing awareness of the support deaf children and young people need to achieve and challenging social attitudes which prevent them from achieving.
- Influencing and challenging key decision makers to make deaf children and young people a political priority.

# সূচীপত্র

ভূমিকা ২

কিভাবে ব্যবহার করতে হবে ২

আমি ও আমার পরিবার ৩

আমাদের বাড়ী ১২

আমাদের স্কুল ২০

ফল ও শাক-সব্জী ২৮

পশু-পাখী-পতঙ্গ ৩৭

যানবাহন ৪৬

# ভূমিকা

ইশারা-ভাষা হল একটি দৃষ্টি-নির্ভর চলমান ভাষা। তাই এ বিষয়ে যেকোন প্রকাশনা চলমান-ভিডিওগ্রাফী-র মাধ্যমে হওয়াই বাঞ্ছনীয় এবং ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজ-এ প্রশিক্ষিত বধির ব্যক্তিই ইশারা ভাষার আদর্শ শিক্ষক একথা বলাই বাহুল্য। কিন্তু এরাজ্যের প্রত্যন্ত অঞ্চলে চলমান-ভিডিওগ্রাফী-র মাধ্যমে শিক্ষাদান প্রায় অসম্ভব। তাই ঐসব অঞ্চলের বধির শিশু, তাদের পরিবার ও পরিবেশের মানুষদের ইশারা-ভাষা ব্যবহারে দক্ষ করে তোলা ও ইশারা ভাষাকে বাংলা ভাষা শেখার মাধ্যম হিসাবে ব্যবহার করার জন্য আমাদের এই প্রয়াস। দ্বিমাত্রিক ছবির মাধ্যমে এই ভাষাকে ফুটিয়ে তোলা একটি দুরহ কাজ। আলি যাবর জঙ্গ ন্যাশানাল ইন্স্টিটিউট্ ফর হিয়ারিং হ্যান্ডিক্যাপ্‌ড, পূর্বাঞ্চলীয় শাখার সাইন ল্যাঙ্গুয়েজ সেল এ বিষয়ে অমাদের বিশেষ সাহায্য করেছেন। ঐ বিভাগের ইশারা ভাষার প্রশিক্ষকদ্বয় শ্রী সত্যসুন্দর দাস ও শ্রী রবীন্দ্রনাথ সরকার এ বিষয়ে কর্মশালায় উপস্থিত থেকে ও যাবতীয় পরামর্শ দিয়ে আমাদের কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন।

প্রাথমিক স্তরে পাঠরত বধিরতাযুক্ত ছাত্রী-ছাত্র যারা ইশারা-ভাষার মাধ্যমেই মূলতঃ ভাব বিনিময় করে থাকে তাদের ভাষা বিকাশের জন্য পরিকল্পিত তিনটি বই-এর প্রথম বই এটি। বইটিতে ছয়-সাত বছর বয়সী ছাত্রী-ছাত্রদের ক্ষেত্রে প্রাসঙ্গিক ছয়টি বিষয় নেওয়া হয়েছে। উক্ত বিষয় গুলিতে বধিরতাযুক্ত ছাত্রী-ছাত্রদের শব্দ ভান্ডার তৈরী ও ঐ শব্দ ভান্ডারের সাহায্যে তাদের বাক্য গঠন করতে শেখানোই এই পর্বের মূল লক্ষ্য। সহযোগী সংস্থাগুলির সাথে কাজ করতে গিয়ে আমরা দেখেছি যে অভিভাবক, সমাজকর্মী ও প্রাথমিক স্তরের শিক্ষিকা-শিক্ষক যাঁরা মূলতঃ এই শিশুদের লেখা পড়ায় সহায়তা করে থাকেন তাঁদের কাছে ইশারা ভাষা থেকে কিভাবে লেখা-পড়ার ভাষা অর্থাৎ বাংলা-ভাষা শেখানো যায় তা খুব স্বচ্ছ নয়। ফলতঃ বধিরতা যুক্ত শিশুদের ভাষা-বিকাশ বেশীরভাগ ক্ষেত্রে শব্দের স্তরে সীমাবদ্ধ হয়ে আছে যা তাদের পঠন-পাঠনকে সীমায়িত করে দিচ্ছে। সাধারণ বিদ্যালয়ে পাঠরত বধিরতাযুক্ত শিশুদের অভিভাবক, সমাজকর্মী ও প্রাথমিক স্তরের শিক্ষিকা- শিক্ষকদের **সার্বিক যোগাযোগ পদ্ধতির**# মাধ্যমে শিশুর শব্দ ভান্ডার তৈরী, ইশারা-ভাষায় বাক্য গঠন ও তার থেকে বাংলা-ভাষায় বাক্য গঠন করতে শেখানোর প্রণালীকে আরও সহজ ও সাবলীল করে তোলাই এই বইটির প্রধান উদ্দেশ্য।

# কিভাবে ব্যবহার করতে হবে

এই বইটি অভিভাবক, সমাজকর্মী ও প্রাথমিক স্তরের শিক্ষিকা-শিক্ষক যারা বধিরতাযুক্ত শিশুদের শিক্ষা-সহায়তা দিয়ে থাকেন তাঁদের ব্যবহারের জন্য তৈরী। বইটি ছয়টি বিষয় ভিত্তিক অধ্যায়ে বিভক্ত। প্রতিটি অধ্যায়ে ***শিক্ষণ উদ্দেশ্য, পদ্ধতি, শব্দ-ভান্ডার, বাক্য গঠন করে দেখ*** - এই চারটি স্তর রয়েছে। বইটি ব্যবহার করার সময় অধ্যায়ের শিক্ষণ উদ্দেশ্য আগে পড়ে নিতে হবে। উক্ত অধ্যায়ের পাঠদান শেষে শিশুর অগ্রগতি মূল্যায়নে এটি সাহায্য করবে। শব্দ-ভান্ডার স্তরটি মূলতঃ ***বস্তুর ছবি, তার ইশারা ও তার বাংলায় নাম*** - এই ভাবে দেখানো হয়েছে যাতে বধিরতা যুক্ত শিশুর শব্দ-ভান্ডারে কোন বস্তুর জন্য একই সঙ্গে ইশারা ও বাংলা শব্দ স্থান পেতে পারে। 'বাক্য গঠন করে দেখ' স্তরটিতে ইশারা ভাষায় বাক্য গঠন ও সমান্তরাল ভাবে বাংলা ভাষায় কি ভাবে অনুরূপ বাক্য গঠন করা যাবে তা দেখানো হয়েছে। আর এই সমগ্র বিষয়টি কিভাবে সংগঠিত করতে হবে তা আলোচনা করা আছে পদ্ধতিতে। অভিভাবক, সমাজকর্মী ও প্রাথমিক স্তরের শিক্ষিকা-শিক্ষকদের অনুরোধ বইটির প্রতিটি স্তর ভাল করে পড়ুন ও তারপর বধিরতা যুক্ত শিশুর সাথে ভাষা-বিকাশের কাজটি শুরু করুন। আমাদের বিশ্বাস এই বইটি বধিরতাযুক্ত শিশুদের ভাষা-শিক্ষায় অগ্রনী ভূমিকা নেবে।

# **সার্বিক-যোগাযোগ পদ্ধতি ঃ** এই পদ্ধতিতে ভাব-বিনিময়ের জন্য ***ইশারা ভাষা, ওষ্ঠ-পাঠ, উচ্চারণ ও শোনার সাহায্যে সনাক্তকরণ*** এই চারটি বিষয়েই গুরুত্ব দেওয়া হয়। যদিও উপযুক্ত শ্রবণ-সহায়ক যন্ত্রের অভাবে অনেক সময় ***উচ্চারণ ও শোনার সাহায্যে সনাক্তকরণ*** - এই দুটি ক্ষেত্রে আশানুরূপ ফল নাও পাওয়া যেতে পারে।



# বিষয় ঃ আমি ও আমার পরিবার

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- নিজের ও পরিবারের সকলের নাম চিহ্নিত করতে পারবে।
- নিজের সাথে পরিবারের সকলের সম্পর্ক চিহ্নিত করতে পারবে।
- ওষ্ঠপাঠ করে নিজের ও পরিবারের সকলের নাম চিহ্নিত করতে পারবে।
- নিজের ছবি ও পরিবারের সকলকে বা তাদের ছবি দেখে, তাদের সম্পর্কের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নামগুলি লিখে দিতে পারবে।
- পরিবারের সকলের নাম পড়ে তাদেরকে দেখাতে ও তাদের সম্পর্কের ইশারা দেখাতে পারবে।
- পরিবারের সকলের নাম বলতে বা উচ্চারণ করে পড়তে পারবে। #
- পরিবারের সকলের নাম শুনে তাদেরকে বা তাদের ছবি দেখাতে পারবে ।#

### বাক্য গঠন

- নিজের ও পরিবারের সকলের নাম ও সম্পর্ক দিয়ে দুই শব্দের ইশারা-শব্দ-বন্ধ তৈরি করতে পারবে।
- নিজের ও পরিবারের সকলের নাম ও সম্পর্ক দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরি করতে পারবে।
- নিজের ও পরিবারের সকলের নাম ও সম্পর্ক দিয়ে সরল ইশারা-বাক্য তৈরি করতে পারবে।
- নিজের ও পরিবারের সকলের নাম ও সম্পর্ক দিয়ে সরল বাংলা বাক্য তৈরি করতে পারবে।

## পদ্ধতি

### শব্দ পরিচয়

- ছবি/ব্যক্তির সাথে তাদের লিখিত নাম মিলিয়ে দেখানো।
- ছবি/ব্যক্তির সাথে নাম মেলাতে বলা ও নাম দিয়ে ছবি/ব্যক্তিকে মেলাতে বলা।
- ছবি/সম্পর্কের সাথে ইশারা করে দেখানো।
- ছবি/ব্যক্তি দেখিয়ে সম্পর্কের ইশারা করতে বলা ও সম্পর্কের ইশারা দেখিয়ে ছবি/ব্যক্তি দেখাতে বলা।
- মুখের পাশে ছবি নিয়ে ব্যক্তির নাম বলা যাতে ওষ্ঠ-পাঠ করতে পারে।
- মুখে নাম বলে ও সম্পর্ক বলে ওষ্ঠ-পাঠ-এর সাহায্যে ছবি/ব্যক্তিকে দেখাতে বলা।
- ছবি/ব্যক্তি ও সম্পর্কের ইশারা দেখে ও ওষ্ঠ-পাঠ করে তাদের নাম ও সম্পর্কের নাম লেখানো।
- নাম ও সম্পর্কের নাম পড়ে ব্যক্তিটিকে দেখাতে ও তার সম্পর্কের ইশারা করে দেখাতে বলা।
- ছবি/ব্যক্তি দেখিয়ে তার নাম ও সম্পর্ক বলতে (উচ্চারণ করতে) শেখানো। #
- ছবি/ব্যক্তি দেখিয়ে তার নাম ও সম্পর্কের নাম বলে শোনানো যাতে নাম ও সম্পর্কের নাম শুনে ব্যক্তির ছবি সনাক্ত করতে পারে। #

# শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে সঠিক বস্তু বা শব্দ চিহ্নিত করা তখনই সম্ভব হয় যখন শিশুটির বধিরতা অত্যন্ত শিশুকালে সনাক্ত করা গেছে, বধিরতা সনাক্ত হওয়ার সাথে সাথেই সঠিক ভাবে শ্রবণ - মূল্যায়ণ করে উপযুক্ত শ্রবণ - সহায়ক যন্ত্র যথাযথ ইয়ার মোল্ড ও ব্যাটারী সহযোগে ব্যবহার শুরু করেছে এবং বাড়ীতে শিশুটিকে শ্রবণ-সহায়ক যন্ত্র পড়িয়ে শিশুকেন্দ্রিক ভায়ায় কথপোকথনের মাধ্যমে অনেকটা শোনার উপর নির্ভরশীল করা গেছে। অন্যথায় শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে শব্দ, বাক্য সনাক্তকরণ বিষয়টি অযৌক্তিক প্রত্যাশা হয়ে যাবে।

## বাক্য গঠন

এ অধ্যায়ে শিশুর সাথে পরিবারের আর সকল সদস্যের সম্পর্ক বিষয়ক শব্দগুলি আলোচিত হয়েছে। তাই আমি ও আমার পরিবার - এ বিষয়ে বাক্য গঠন করতে হলে সম্পর্ক বিষয়ক শব্দ গুলি ছাড়াও নাম, আমার, তোমার, কে, কি, কোথায় ইত্যাদি শব্দগুলির প্রয়োজন হবে। তাই অধ্যায়ের প্রথমেই মূল শব্দগুলির সাথে এই সংযোগকারী শব্দগুলিও দেওয়া হয়েছে। এখন দেখা যাক এই শব্দ গুলির সাহায্যে কিভাবে বাক্য গঠন করতে শেখানো যাবে।

এ কথা বলা বাহুল্য যে আমাদের আলোচিত বধিরতাযুক্ত ছাত্রী-ছাত্ররা বাংলা ভাষার চেয়ে ইশারা ভাষায় অনেক বেশী সাবলীল। তাই ইশারা ভাষাকে তাদের প্রথম ভাষা ধরে নিয়ে তার থেকে কি ভাবে আমরা বাংলা ভাষায় বাক্য গঠন শেখাবো সেটাই আমাদের আলোচ্য বিষয় হওয়া উচিত। বধিরতা যুক্ত শিশুদের ভাব-বিনিময় যেহেতু বেশীরভাগ ক্ষেত্রেই শব্দের স্তরেই সীমাবদ্ধ তাই তাদের ইশারা ভাষায় বাক্য গঠন ও তার থেকে অনুবাদের মাধ্যমে বাংলা ভাষা শেখানোর চেষ্টা করা যেতে পারে।

অনুবাদ করতে হলে আমাদের দুটি বিষয় জানা দরকার ঃ

১) প্রথম ভাষার অনুরূপ দ্বিতীয় ভাষার শব্দ ভান্ডার এবং
২) প্রথম ও দ্বিতীয় ভাষার তুলনা মূলক বাক্য গঠন প্রনালী

অধ্যায়ের প্রথমেই আমরা ইশারা ভাষা ও বাংলা ভাষায় শব্দ ভান্ডার তৈরীর কাজটি করে রেখেছি। এখন দেখা যাক ইশারা ভাষার তুলনায় বাংলা ভাষার বাক্য গঠন প্রনালী কেমন ।
ইশারা ভাষা ও বাংলা ভাষার মূল বাক্য গঠন প্রনালীর মিল থাকলেও ইশারা ভাষায় সংখ্যা নির্নয়ক এবং প্রশ্নবোধক শব্দের ব্যবহারে ব্যতিক্রম রয়েছে। যেমন ঃ

উভয় ভাষাতেই মূল গঠন প্রনালী হল ঃ উদ্দেশ্য + বিধেহ + ক্রিয়া
আমি + বাড়ী + যাবো

কিন্তু সংখ্যা নির্নায়ক ও সময় নির্নয়ক এবং প্রশ্নবোধক শব্দের ব্যবহারে-

বাংলা-ভাষা = আমার পাঁচটি পেন আছে।
ইশার-ভাষা = আমার পেন পাঁচ।

বাংলা-ভাষা = আমি কাল বাড়ী যাবো।
ইশার-ভাষা = আমি বাড়ী যাবো কাল ।


বাংলা-ভাষা = তোমার নাম কি? তোমার বাড়ীতে কে কে আছেন? তুমি কোথায় যাবে? তুমি কখন যাবে?
ইশার-ভাষা = তোমার নাম কি? তোমার বাড়ী ব্যক্তি কে কে? তুমি যাবে কোথায়? তুমি যাবে কখন?

বাক্যে গঠন করতে শেখানোর সময় এই ব্যাপারটা মনে রাখতে হবে। অর্থাৎ ইশারায় যখন দেখানো হবে, **তুমি যাবে কখন**? সেটা বাংলায় লেখবার সময়, **তুমি কখন যাবে**? লিখতে হবে।

এভাবে প্রথমে ইশারা ভাষায় বাক্য ও তা দেখে বা তা থেকে অনুবাদ করে বাংলা ভাষায় বাক্য লিখতে হবে।




# আমি ও আমার পরিবার


আমার নাম | আমি



বাবার নাম | বাবা


মায়ের নাম | মা


ভাইয়ের নাম | ভাই


বোনের নাম | বোন


দাদুর নাম | দাদু


ঠাকুমার নাম | ঠাকুমা


কাকার নাম | কাকা


# আমি ও আমার পরিবার


নাম



আমার



তুমি



তোমার


আমাদের


তোমাদের



সে (পুরুষ)



সে (স্ত্রী)



তার (স্ত্রী-1+3, পুরুষ-2+3)



এটা



কি / কেন


কে / কার


কবে



কোথায়


কখন



কোনটা



# আমার পরিবারের ছবি



# বাক্য গঠন ঃ করে দেখ



আমার নাম

ইশারা কর



বাংলায় লেখ তোমার নাম কী?

ইশারা কর



বাংলায় লেখ আমার নাম ..........




মায়ের নাম

ইশারা কর



বাংলায় লেখ আমার মা

ইশারা কর




বাংলায় লেখ আমার **মায়ের** নাম ..........






বাবার নাম

ইশারা কর




বাংলায় লেখ আমার বাবা

ইশারা কর



বাংলায় লেখ আমার বাবা**র** নাম ..........



ভাইয়ের নাম

ইশারা কর



বাংলায় লেখ আমার ভাই

ইশারা কর



বাংলায় লেখ আমার ভাই**য়ের** নাম ..........

# বাক্য গঠন ঃ করে দেখ




বোনের নাম

ইশারা কর



বাংলায় লেখ — আমার বোন

ইশারা কর



বাংলায় লেখ — আমার বোনের নাম ______________________




কাকার নাম

ইশারা কর



বাংলায় লেখ — আমার কাকা

ইশারা কর




বাংলায় লেখ — আমার কাকার নাম ______________________





দাদুর নাম

ইশারা কর



বাংলায় লেখ — আমার দাদু

ইশারা কর




বাংলায় লেখ — আমার দাদুর নাম ______________________




ঠাকুমার নাম

ইশারা কর



বাংলায় লেখ — আমার ঠাকুমা

ইশারা কর



বাংলায় লেখ — আমার ঠাকুমায়ের নাম ______________________

# বিষয় ঃ আমাদের বাড়ী

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্রের নাম চিহ্নিত করতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্রের নাম ইশারা করে দেখাতে পারবে।
- ওষ্ঠপাঠ করে বাড়ীর বিভিন্ন ঘর, বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্র ও তাদের নাম চিহ্নিত করতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্র গুলি দেখে, তাদের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নামগুলি লিখে দিতে পারবে।
- নাম পড়ে বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্রগুলি দেখাতে ও তাদের ইশারা দেখাতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্রগুলির নাম উচ্চারণ করে পড়তে পারবে। #
- বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিসপত্রগুলির নাম শুনে বস্তুর ছবি দেখাতে পারবে। #

### বাক্য গঠন

- বাড়ীর বিভিন্ন ঘর ও ব্যবহৃত জিনিসপত্র গুলি দিয়ে দুই শব্দের ইশারা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও ব্যবহৃত জিনিসপত্র গুলি দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও ব্যবহৃত জিনিসপত্র গুলি দিয়ে সরল ইশারা-বাক্য তৈরী করতে পারবে।
- বাড়ীর বিভিন্ন ঘর ও ব্যবহৃত জিনিসপত্র গুলি দিয়ে সরল বাংলা বাক্য তৈরী করতে পারবে।

## পদ্ধতি

### শব্দ পরিচয়

- ছবি / জিনিসপত্রগুলির সাথে শব্দ মিলিয়ে দেখানো।
- ছবি / জিনিসপত্রগুলি দিয়ে শব্দ মেলাতে বলা ও শব্দ দিয়ে ছবি জিনিসপত্রগুলি মেলাতে বলা।
- ছবি / জিনিসপত্রগুলির সাথে ইশারা করে দেখানো।
- ছবি / জিনিসপত্রগুলি দেখিয়ে ইশারা করতে বলা ও ইশারা দেখিয়ে ছবি জিনিসপত্রগুলি দিতে বলা।
- মুখের পাশের ছবি / জিনিসপত্রগুলি নিয়ে তার নাম বলা। যাতে ওষ্ঠ-পাঠ করতে পারে।
- মুখে নাম বলে ওষ্ঠ-পাঠ এর সাহায্যে ছবি / জিনিসপত্রগুলি দেখাতে বলা।
- ছবি / জিনিসপত্রগুলি ও তাদের ইশারা দেখে নাম লেখানো।
- ছবি / জিনিসপত্রগুলি দেখে ও তাদের নাম ওষ্ঠ-পাঠ করে তা লেখানো।
- নাম পড়ে জিনিসপত্রগুলি দেখাতে ও তাদের ইশারা করে দেখাতে বলা।
- ছবি / জিনিসপত্রগুলি দেখিয়ে তার নাম উচ্চারণ করতে শেখানো। #
- ছবি / জিনিসপত্রগুলি দেখিয়ে তার নাম বলে শোনানো যাতে নাম শুনে জিনিসপত্রগুলিকে বা তার ছবি সনাক্ত করতে পারে। #

# শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে সঠিক বস্তু বা শব্দ চিহ্নিত করা তখনই সম্ভব হয় যখন শিশুটির বধিরতা অত্যন্ত শিশুকালেই সনাক্ত করা গেছে, বধিরতা সনাক্ত হওয়ার সাথে সাথেই সঠিক ভাবে শ্রবণ মূল্যায়ন করে উপযুক্ত শ্রবন-সহায়ক যন্ত্র, যথাযথ ইয়ার মোল্ড ও ব্যাটারী সহযোগে ব্যবহার শুরু করেছে এবং বাড়ীতে শিশুটিকে শ্রবণ-সহায়ক যন্ত্র পড়িয়ে শিশুকেন্দ্রিক ভাষায় কথোপকথনের মাধ্যমে অনেকটা শোনার উপর নির্ভশীল করা গেছে। অনাথায় শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে শব্দ / বাক্য সনাক্তকরণ অযৌক্তিক প্রত্যাশা হয়ে যাবে।



### বাক্য গঠন

এই অধ্যায়ে বাড়ীর বিভিন্ন ঘর ও বাড়ীতে ব্যবহৃত জিনিস-পত্রের নামগুলি নিয়ে আলোচনা করা হয়েছে। এই বিষয়ে যে ধরনের বাক্য ব্যবহার করা প্রয়োজন তা হল ঃ এটা কি - প্রশ্নের উত্তর জ্ঞাপক বাক্য, আছে নেই - দিয়ে বাক্য এবং কি আছে দিয়ে প্রশ্ন সূচক বাক্য।

যেমন ঃ-

এটা আমাদের বাড়ী। এটা পড়ার ঘর।
বাড়ীতে তিনটি ঘর আছে। রান্না ঘরে উনুন আছে।
আমাদের বাড়ীতে টিউব-ওয়েল নেই।
এটা কিসের ঘর? . . . ইত্যাদি।

এক্ষেত্রে বাক্যের নমুনাটি ঠিক করে নিতে হবে এবং ঐ বাক্যটিকে অনুকরণ করে আরো ঐ ধরনের বাক্য গঠন করা যাবে।

যেমন ঃ- **নমুনা বাক্য - এটা আমাদের বাড়ী।**

একইভাবে লেখা যায়-

এটা তোমাদের বাড়ী।
ওটা আমাদের বাড়ী।
ওটা তোমাদের বাড়ী।
সেটা তাদের বাড়ী।
এটা আমাদের মামার বাড়ী।
এটা পড়ার ঘর।
এটা শোয়ার ঘর। -- ইত্যাদি।

নমুনা বাক্য - **বাড়ীতে তিন টি ঘর আছে।**

একইভাবে লেখা যায় -

আলমারী তে চার টি জামা আছে।
ঘড়ি তে দু টি কাঁটা আছে।

ইশারা ভাষায় অবশ্য এই নমুনা বাক্যটিই একটু অন্য ভাবে দেখাতে হয় ঃ **বাড়ী ঘর তিন**

নমুনা বাক্য - **শোয়ার-ঘরে বিছানা আছে।**

একইভাবে লেখা যায়-

পড়ার-ঘরে টেবিল আছে।
স্নানের-ঘরে সাবান আছে।

নমুনা প্রশ্নোত্তর - **প্রশ্ন ঃ তোমাদের বাড়ী তে কি আছে?**
**উত্তর ঃ আমাদের বাড়ীতে ———— আছে।**
**প্রশ্ন ঃ তোমাদের ঘরে কি আছে?**
**উত্তর ঃ আমাদের ঘরে ———— আছে।**

ইশারা ভাষায় অবশ্য এই প্রশ্নোত্তর একটু অন্য ভাবে দেখাতে হয়। যেমন ঃ

প্রশ্ন ঃ তোমাদের বাড়ী জিনিস কি?
উত্তর ঃ আমাদের বাড়ী --------------- আছে ।
প্রশ্ন ঃ তোমাদের ঘর জিনিস কি?
উত্তর ঃ আমাদের ঘর ---------------- আছে।

# বিষয় ঃ আমাদের বাড়ী





বাড়ী | বাড়ী





ঘর | ঘর





বারান্দা | বারান্দা


চাদর | চাদর


বালিশ | বালিশ

আলমারী | আলমারী

সোফা | সোফা

টিউবলাইট | টিউবলাইট








তালা | তালা




চাবি | চাবি

রান্নাঘর | রান্নাঘর


ফ্রীজ | ফ্রীজ





বাসন-পত্র | বাসন-পত্র




উনুন | উনুন


মেঝে | মেঝে


পড়ার ঘর | পড়ার ঘর

# বিষয় ঃ আমাদের বাড়ী



কুয়ো


কুয়ো



টিউব-ওয়েল



টিউব-ওয়েল



উপরে ওঠা


উপরে ওঠা


নীচে নামা


নীচে নামা


রাখা


পাঠানো


টানা


ঠেলা


বয়ে নিয়ে যাওয়া


পান করা



জানা



ধোয়া





খোলা


বন্ধ করা



বড়ো


ছোট


নেই



আছে



পছন্দ


অপছন্দ


দেওয়া


নেওয়া


ডাকা


ধরা


বিতরণ করা


সংগ্রহ করা


ফেলে দেওয়া



তুলে নেওয়া

# বাক্য গঠন ঃ করে দেখ




ইশারা কর 

বাংলায় লেখ — এটা আমাদের বাড়ী।

ইশারা কর 

বাংলায় লেখ — আমাদের বাড়িতে বারান্দা আছে।

ইশারা কর 

বাংলায় লেখ — আমাদের বাড়িতে তিনটি ঘর আছে।



| | |
|---|---|
| ইশারা কর | এটা পড়া ঘর |
| বাংলায় লেখ | এটা পড়ার ঘর |
| ইশারা কর | এটা ঠাকুমা ঘর |
| বাংলায় লেখ | এটা ঠাকুমার ঘর |
| ইশারা কর | এটা ভাই, আমার দুজন ঘর |
| বাংলায় লেখ | এটা ভাই, আমার দুজনের ঘর |
| ইশারা কর | এটা আমাদের শোওয়া ঘর |
| বাংলায় লেখ | এটা আমাদের শোওয়ার ঘর। |
| ইশারা কর | শোওয়া ঘর বালিশ আছে। |
| বাংলায় লেখ | শোওয়ার ঘরে বালিশ আছে। |
| ইশারা কর | এটা আমাদের রান্না ঘর। |
| বাংলায় লেখ | এটা আমাদের রান্নার ঘর। |
| ইশারা কর | রান্নাঘর বাসন আছে |
| বাংলায় লেখ | রান্নাঘরে বাসন পত্র আছে। |
| ইশারা কর | রান্নাঘর উনুন আছে |
| বাংলায় লেখ | রান্নাঘরে উনুন আছে। |

# বিষয় ঃ আমাদের স্কুল

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রের নাম চিহ্নিত করতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রের নাম ইশারা করে দেখাতে পারবে।
- ওষ্ঠপাঠ করে নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্র ও তাদের নাম চিহ্নিত করতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দেখে, তাদের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নামগুলি লিখে দিতে পারবে।
- নাম পড়ে নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দেখাতে ও তাদের ইশারা দেখাতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলির নাম উচ্চারণ করে পড়তে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলির নাম শুনে বস্তু / ছবি দেখাতে পারবে।

### বাক্য গঠন

- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দিয়ে দুই শব্দের ইশারা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দিয়ে সরল ইশারা-বাক্য তৈরী করতে পারবে।
- নিজের স্কুল ও স্কুলে ব্যবহৃত জিনিসপত্রগুলি দিয়ে সরল বাংলা বাক্য তৈরী করতে পারবে।

## পদ্ধতি

'আমাদের বাড়ী' অধ্যায়ে যেভাবে শব্দ পরিচয় পদ্ধতি দেখানো হয়েছে এ অধ্যায়েও সেভাবেই শব্দ পরিচয় করাতে হবে।

বাক্য গঠন পদ্ধতিও 'আমাদের বাড়ী' অধ্যায়ের মত করেই করতে হবে। দেখতে হবে বিষয় অনুযায়ী কি ধরনের বাক্য ব্যবহারের প্রয়োজন। সেই অনুযায়ী নমুনা বাক্য নির্বাচন করে নিতে হবে। যেমন এই অধ্যায়ে যে ধরনের বাক্যগুলি প্রাসঙ্গিক তা হল ঃ

এটা আমাদের স্কুল। এটা আমার স্কুল ।
আমি তৃতীয় শ্রেণীতে পড়ি।
আমাদের ক্লাসে ব্ল্যাকবোর্ড আছে।
সকাল ১০টায় আমাদের স্কুল শুরু হয়। বিকাল ৪টায় আমাদের স্কুলের ছুটি হয়।
স্কুলে রান্না হয়। স্কুলের মাঠে খেলা হয়। -------ইত্যাদি।

এই বাক্যগুলিকে নমুনা করে আরও অনেক প্রয়োজনীয় বাক্য তৈরী করা যায়। যেমনঃ

**নমুনা বাক্য - এটা আমাদের স্কুল।**

অনুরূপ বাক্য - এটা আমাদের বাড়ী। এটা আমাদের ঘর। এটা আমাদের টিভি।
- এটা আমাদের গাড়ী। এটা আমাদের গরু। এটা আমাদের খেলার মাঠ।


**নমুনা বাক্য - আমাদের ক্লাসে ব্ল্যাকবোর্ড আছে।**

অনুরূপ বাক্য - আমাদের ক্লাসে বেঞ্চ আছে। আমাদের ঘরে পাখা আছে। --------ইত্যাদি।

**কিন্তু শুধু বাক্য গঠন নয়, বিষয়টি নিয়ে শিশুকেন্দ্রিক ভাষায় স্বাভাবিক কথপোকথন অত্যন্ত জরুরি ও তার ভিত্তিতে যত বেশী প্রাসঙ্গিক বাক্য গঠন করানো যাবে ততই ভালো।**





স্কুল




স্কুল


ক্লাস ঘর




ক্লাস ঘর


বেঞ্চ



বেঞ্চ


ছবি


ছবি


পেনসিল কাটার কল


পেনসিল কাটার কল


স্কেল



স্কেল


কাগজ


কাগজ




বাংলা



বাংলা

# বিষয় ঃ আমাদের স্কুল




ইংরাজী


ইংরাজী




বিজ্ঞান


বিজ্ঞান




ইতিহাস


ইতিহাস


ভূগোল


ভূগোল




অঙ্ক


অঙ্ক


যোগ


যোগ


বিয়োগ


বিয়োগ



গুন


গুন





ভাগ


ভাগ



গল্প


গল্প



পড়ান


পড়ান



পড়া


পড়া



লেখা


লেখা



পরীক্ষা


পরীক্ষা












ছাত্র


ছাত্র


ইউনিফর্ম


ইউনিফর্ম

# বিষয় ঃ আমাদের স্কুল

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| খেলার মাঠ | খেলার মাঠ | র‍্যাম্প | র‍্যাম্প |
|  |  |  |  |
| স্কুল বাস | স্কুল বাস | বন্ধু | ছুটি |
|  |  |  |  |
| ভুলে যাওয়া | মনে রাখা | পাশ | ফেল |
|  |  |  |  |
| শুরু | শেষ | ভালবাসা | শান্তি |



# বাক্য গঠন ঃ করে দেখ



| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | এটা আমাদের স্কুল |

| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | আমাদের স্কুলে পাঁচটি ক্লাসঘর আছে। |

| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | এটা আমাদের ক্লাসঘর। |

# বাক্য গঠন ঃ করে দেখ

| | |
|---|---|
| ইশারা কর | আমাদের ক্লাসঘর ব্ল্যাকবোর্ড আছে |
| বাংলায় লেখ | আমাদের ক্লাসঘরে ব্ল্যাকবোর্ড আছে। |
| ইশারা কর | আমাদের স্কুল শুরু সকাল দশ |
| বাংলায় লেখ | সকাল দশটায় আমাদের স্কুল শুরু হয়। |
| ইশারা কর | আমাদের স্কুল ছুটি বিকাল চার |
| বাংলায় লেখ | বিকাল চারটায় আমাদের স্কুল ছুটি হয়। |
| ইশারা কর | আমি শ্রেণী তিন পড়ি |
| বাংলায় লেখ | আমি তৃতীয় শ্রেণীতে পড়ি। |
| ইশারা কর | ক্লাসঘর বেঞ্চ আছে |
| বাংলায় লেখ | ক্লাসঘরে বেঞ্চ আছে। |
| ইশারা কর | আমাদের স্কুল র‍্যাম্প আছে |
| বাংলায় লেখ | আমাদের স্কুলে র‍্যাম্প আছে। |
| ইশারা কর | আমাদের শিক্ষক পড়ান |
| বাংলায় লেখ | শিক্ষকরা আমাদের পড়ান। |
| ইশারা কর | আমাদের স্কুল শিক্ষক চার শিক্ষিকা এক |
| বাংলায় লেখ | আমাদের স্কুলে শিক্ষক চারজন ও শিক্ষিকা একজন। |



| | |
|---|---|
| ইশারা কর | আমাদের স্কুল রান্না |
| বাংলায় লেখ | আমাদের স্কুলে রান্না হয়। |
| ইশারা কর | স্কুল দুপুর ভাত খাওয়া। |
| বাংলায় লেখ | স্কুলে দুপুরে ভাত খাই। |
| ইশারা কর | স্কুল আমার বন্ধু অনেক আছে |
| বাংলায় লেখ | স্কুলে আমার অনেক বন্ধু আছে। |
| ইশারা কর | আমি বন্ধু বন্ধু ভালোবাসা |
| বাংলায় লেখ | আমি বন্ধুদের ভালোবাসি। |
| ইশারা কর | আমি স্কুলবাস স্কুল যাওয়া |
| বাংলায় লেখ | আমি স্কুল বাসে করে স্কুলে যাই। |
| ইশারা কর | আমাদের স্কুল খেলা মাঠ আছে |
| বাংলায় লেখ | আমাদের স্কুলে খেলার মাঠ আছে। |
| ইশারা কর | আমার পরীক্ষা শেষ |
| বাংলায় লেখ | আমার পরীক্ষা শেষ। |
| ইশারা কর | আমি যোগ বিয়োগ গুন ভাগ ভালবাসা |
| বাংলায় লেখ | আমি যোগ, বিয়োগ, গুন, ভাগ ভালবাসি। |

# বিষয় ঃ ফল ও শাক সব্জী

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- ফল ও শাক-সব্জীগুলির নাম চিহ্নিত করতে পারবে।
- ফল ও শাক-সব্জীগুলির ইশারা দেখাতে পারবে।
- ওষ্ঠপাঠ করে ফল ও শাক-সব্জীগুলি ও তাদের নাম চিহ্নিত করতে পারবে।
- ফল ও শাক-সব্জীগুলি দেখে, তাদের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নামগুলি লিখে দিতে পারবে।
- নাম পড়ে ফল ও শাক-সব্জীগুলি দেখাতে ও তাদের ইশারা দেখাতে পারবে।
- বস্তুর নাম উচ্চারণ করে পড়তে পারবে। #
- নাম শুনে বস্তু / ছবি দেখাতে পারবে। #

### বাক্য গঠন

- ফল ও শাক-সব্জী দিয়ে দুই শব্দের ইশারা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- ফল ও শাক-সব্জী দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- ফল ও শাক-সব্জী দিয়ে সরল ইশারা-বাক্য তৈরী করতে পারবে।
- ফল ও শাক-সব্জী দিয়ে সরল বাংলা বাক্য তৈরী করতে পারবে।

## পদ্ধতি

### শব্দ পরিচয়

- ছবি/বস্তুর সাথে শব্দ মিলিয়ে দেখানো।
- ছবি/বস্তু দিয়ে শব্দ মেলাতে বলা ও শব্দ দিয়ে ছবি/বস্তু মেলাতে বলা।
- ছবি/বস্তুর সাথে ইশারা করে দেখানো।
- ছবি/বস্তু দেখিয়ে ইশারা করতে বলা ও ইশারা দেখিয়ে ছবি/বস্তু দিতে বলা।
- মুখের পাশে ছবি/বস্তু নিয়ে তার নাম বলা। (যাতে ওষ্ঠ-পাঠ করতে পারে)।
- মুখে নাম বলে ওষ্ঠ-পাঠ-এর সাহায্যে ছবি/বস্তু দেখাতে বলা।
- ছবি/বস্তু ও ইশারা দেখে ও ওষ্ঠ-পাঠ করে নাম লেখানো।
- নাম পড়ে ফল ও শাক-সব্জীগুলি দেখাতে ও তাদের ইশারা করে দেখাতে বলা।
- ছবি/বস্তু দেখিয়ে তার নাম উচ্চারণ করতে শেখানো। #
- ছবি/বস্তু দেখিয়ে তার নাম বলে শোনানো যাতে নাম শুনে বস্তুর ছবি/বস্তুটি সনাক্ত করতে পারে। #

# শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে সঠিক বস্তু বা শব্দ চিহ্নিত করা তখনই সম্ভব হয় যখন শিশুটির বধিরতা অত্যন্ত শিশুকালেই সনাক্ত করা গেছে, বধিরতা সনাক্ত হওয়ার সাথে সাথেই সঠিক ভাবে শ্রবন মূল্যায়ণ করে উপযুক্ত শ্রবণ সহায়ক যন্ত্র, যথাযথ ইয়ার মোল্ড ও ব্যাটারী সহযোগে ব্যবহার শুরু করেছে এবং বাড়ীতে শিশুটিকে শ্রবণ-সহায়ক যন্ত্র পরিয়ে শিশু কেন্দ্রিক ভাষায় কথপোকথনের মাধ্যমে অনেকটা শোনার উপর নির্ভর্শীল করা গেছে। অন্যথায় শিশুর সঠিক উচ্চারণ ও শোনার মাধ্যমে শব্দ/বাক্য সনাক্তকরণ অযৌক্তিক প্রত্যাশা হয়ে যাবে।



### বাক্য গঠন

বাক্য গঠন করতে হলে প্রথমতঃ নাম বাচক শব্দ ছাড়াও সর্বনাম যথা ঃ আমি, তুমি, সে - ইত্যাদি, বিশেষণ বা গুণ-বাচক শব্দ যথা ঃ গুণ, দোষ অবস্থা, পরিমান, সংখ্যা - ইত্যাদি, ক্রিয়া বা কাজ-বাচক শব্দ, স্থান বাচক শব্দ যথা ঃ উপরে, নীচে - ইত্যাদি ও বিভক্তি বাচক শব্দ যথা ঃ টি, টা, খানা, খানি, কে, তে, র, য়, ইত্যাদির প্রয়োগ জানা প্রয়োজন।

দ্বিতিয়ত ঃ কাল বা সময় ও সর্বনামের বিভিন্নতায় বা পরিবর্তনে, বাক্যে ক্রিয়ার যে রূপ পরিবর্তন হচ্ছে, সে সম্পর্কে ধারনা থাকা প্রয়োজন।

যাইহোক প্রথম পর্যায়ে তাই শব্দ-বন্ধ বা সরল বাক্য গঠনের জন্য শিশুকে কিছু সর্বনাম যেমন ঃ ***আমি, তুমি, সে, আমার, তোমার, তার***, বিশেষণ - যেমন ঃ রং, সংখ্যা - ইত্যাদি, কিছু ক্রিয়া বা কাজ-বাচক শব্দ, কিছু স্থান-বাচক শব্দ যথা ঃ উপরে, নীচে - ইত্যাদি শিখিয়ে নিতে হবে।

তারপর একটি বাক্যের নির্দিষ্ট গঠন বা নমুনা অনুযায়ী শব্দগুলি সাজিয়ে শিশুকে দেখাতে হবে যাতে সে অনুরূপ ভাবে অন্য বাক্য গঠন করতে পারে। যেমন ঃ

| **রং** | **বস্তু** | **বাক্য** |
|---|---|---|
| লাল | আপেল | লাল আপেল |

| **সংখ্যা** | **রং** | **বস্তু** | **বাক্য** |
|---|---|---|---|
| একটি | লাল | আপেল | একটি লাল আপেল |

কিন্তু এভাবে শুধু লিখে দিলেই হবে না।

- প্রথমে ইশারায় দেখাতে হবে।
- তারপর লিখে দেখাতে হবে।
- তারপর বলে দেখাতে হবে (যাতে শিশু ওষ্ঠ-পাঠ করতে পারে এবং যারা বলার ও শোনার প্রশিক্ষন নিচ্ছে তারাও বলার ও শোনার অভ্যাস করতে পারবে)

| | | |
|---|---|---|
| **ইশারায়** | রংয়ের ইশারা | বস্তুর ইশারা |
| **লিখে** | রংয়ের নাম | বস্তুর নাম |
| **বলে** | লাল | আপেল |
| **বাক্য** | লাল আপেল | |


এবার রং ও বস্তুর নাম পাল্টে দিয়ে শিশুকে অনুরূপ বাক্য গঠন করতে বলতে হবে। যেমন ঃ হলদে কলা বা সবুজ আম।

কিন্তু হলদে কলা বা সবুজ আম সাধারণতঃ আমরা বলি না।


এখানে হলদে মানে পাকা এবং সবুজ মানে কাঁচা। এভাবে রংয়ের সাথে মিলিয়ে পাকা ও কাঁচা-র ধারনা দিলে শিশু নিজেই *পাকা কলা / কাঁচা আম* লিখতে পারবে।

# বিষয় ঃ ফল ও শাক সব্জী


ফল


ফল



সবেদা


সবেদা


পেয়ারা


পেয়ারা



আনারস


আনারস



পেঁপে


পেঁপে


তরমুজ


তরমুজ


মৌসম্বি



মৌসম্বি


বেদানা


বেদানা





মূলো


মূলো



বীনস্


বীনস্



আদা


আদা


রসুন


রসুন



ঢেঁড়স


ঢেঁড়স



মাশরুম


মাশরুম


মটরশুঁটি


মটরশুঁটি


লঙ্কা


লঙ্কা

# রঙ ও সংখ্যা







সবুজ সবুজ





হলুদ হলুদ





কালো কালো





সাদা সাদা





নীল নীল





লাল লাল

১



এক এক

২



দুই দুই




৩



তিন তিন

৪



চার চার

৫



পাঁচ পাঁচ

৬



ছয় ছয়

৭




সাত সাত

৮




আট আট

৯



নয় নয়

১০



দশ দশ

# বাক্য গঠন ঃ করে দেখ





## পেয়ারা

| ভাব বিনিময় | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|
| | |  | |
| ইশারা ভাষা |  |  |  |
| বাংলা ভাষা | সবুজ | পেয়ারা | সবুজ পেয়ারা |

| ভাব বিনিময় | সংখ্যা | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|---|
| | ২ | |  | |
| ইশারা ভাষা |  |  |  |  |
| বাংলা ভাষা | দুই | সবুজ | পেয়ারা | দুই টি সবুজ পেয়ারা |





## আপেল

| ভাব বিনিময় | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|
| | |  | |
| ইশারা ভাষা | | | |
| বাংলা ভাষা | | | |

| ভাব বিনিময় | সংখ্যা | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|---|
| | | |  | |
| ইশারা ভাষা | | | | |
| বাংলা ভাষা | | | | |



## পেঁপে

| ভাব বিনিময় | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|
| | | | |
| ইশারা ভাষা | | | |
| বাংলা ভাষা | | | |

| ভাব বিনিময় | সংখ্যা | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|---|
| | | | | |
| ইশারা ভাষা | | | | |
| বাংলা ভাষা | | | | |

# বাক্য গঠন ঃ করে দেখ



টমাটো

| ভাব বিনিময় | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|
| ইশারা ভাষা | | | |
| বাংলা ভাষা | | | |

| ভাব বিনিময় | সংখ্যা | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|---|
| ইশারা ভাষা | | | | |
| বাংলা ভাষা | | | | ................ টি ................ ................ |



মূলো

| ভাব বিনিময় | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|
| ইশারা ভাষা | | | |
| বাংলা ভাষা | | | |

| ভাব বিনিময় | সংখ্যা | রং | বস্তু | বাক্য |
|---|---|---|---|---|
| ইশারা ভাষা | | | | |
| বাংলা ভাষা | | | | ................ টি ................ ................ |



# বিষয় ঃ পশু-পাখী-পতঙ্গ

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- পশু-পাখী-পতঙ্গের নাম চিহ্নিত করতে পারবে।
- পশু-পাখী-পতঙ্গের ইশারা করে দেখাতে পারবে।
- ওষ্ঠপাঠ করে পশু-পাখী-পতঙ্গের নাম চিহ্নিত করতে পারবে।
- পশু-পাখী-পতঙ্গ দেখে, তাদের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নাম গুলি লিখে দিতে পারবে।
- নাম পড়ে পশু-পাখী-পতঙ্গ গুলি দেখাতে ও তাদের ইশারা দেখাতে পারবে।
- পশু-পাখী-পতঙ্গের নাম উচ্চারণ করে পড়তে পারবে। #
- পশু-পাখী-পতঙ্গের নাম শুনে বস্তু / ছবি দেখাতে পারবে। #

### বাক্য গঠন

- পশু পাখী পতঙ্গ দিয়ে দুই শব্দের ইশারা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- পশু পাখী পতঙ্গ দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- পশু পাখী পতঙ্গ দিয়ে সরল ইশারা বাক্য তৈরী করতে পারবে।
- পশু পাখী পতঙ্গ দিয়ে সরল বাংলা বাক্য তৈরী করতে পারবে।

## পদ্ধতি

### শব্দ পরিচয়

পূর্ববর্তী অধ্যায়গুলিতে যেভাবে শব্দ পরিচয় পদ্ধতি দেখানো হয়েছে এ অধ্যায়েও সেভাবেই শব্দ পরিচয় করাতে হবে।

### বাক্য গঠন

বাক্য গঠন পদ্ধতিও পূর্ব অধ্যায়ের মত। দেখতে হবে বিষয় অনুযায়ী কি ধরনের বাক্য ব্যবহারের প্রয়োজন। এই অধ্যায়ে পশু-পাখী-পতঙ্গের বৈশিষ্ট্য, বাসস্থান, খাদ্য -- ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে। যেমন ঃ

পাখী আকাশে ওড়ে।
হরিণের মাথায় শিং আছে।
কুমীর জলে থাকে।
মশা কামড়ায়।
চিড়িয়াখানায় জিরাফ আছে।---- ইত্যাদি

এই প্রাসঙ্গিক বাক্যগুলিকে মডেল বা নমুনা বাক্য করে অনুরূপ বাক্য গঠন করতে শেখাতে হবে। যেমন ঃ


| | |
|---|---|
| **নমুনা বাক্য** | **পাখী আকাশে ওড়ে।** |
| অনুরূপ বাক্য | টিকটিকি দেওয়ালে ঘোড়ে। ভাল্লুক জঙ্গলে থাকে। |
| **নমুনা বাক্য** | **হরিণের মাথায় শিং আছে।** |
| অনুরূপ বাক্য | সিংহের মাথায় কেশর আছে। ---ইত্যাদি। |

মনে রাখতে হবে ভাষার প্রয়োজন ধারণা ও ভাবনাকে প্রকাশ করার জন্য। তাই একটা দুটো বাক্য গঠনই ভাষা-শিক্ষা বা ধারণা তৈরীর পক্ষে যথেষ্ট নয়। তাই বিষয়টি নিয়ে শিশুকেন্দ্রিক ভাষায় স্বাভাবিক কথপোকথন অত্যন্ত জরুরী ও তার ভিত্তিতে যত বেশী প্রাসঙ্গিক বাক্য গঠন করানো যাবে ততই ভালো।

# বিষয় ঃ পশু-পাখী-পতঙ্গ




পশু



পশু



জেব্রা



জেব্রা



কাঙারু



কাঙারু




জলহস্তী



জলহস্তী




হনুমান



হনুমান



গাধা



গাধা



ঘোড়া



ঘোড়া



খরগোশ



খরগোশ





গন্ডার



গন্ডার




শুকর



শুকর




শেয়াল



শেয়াল




উট



উট




চিতা বাঘ



চিতা বাঘ




ভাল্লুক



ভাল্লুক



হরিণ



হরিণ




জিরাফ



জিরাফ

# বিষয় ঃ পশু-পাখী-পতঙ্গ


ইঁদুর | ইঁদুর

থাবা | থাবা


শিং | শিং


গলা | গলা

শুঁড় | শুঁড়

লেজ | লেজ


 

হুঙ্কার | হুঙ্কার


 

কেশর | কেশর





পাখী | পাখী

চড়ুই | চড়ুই


ময়ূর | ময়ূর

পেঁচা | পেঁচা


ওড়া | ওড়া

পোকা/কীট | পোকা/কীট

প্রজাপতি | প্রজাপতি


 

মশা | মশা


# বিষয় ঃ পশু-পাখী-পতঙ্গ




মাছি | মাছি

মৌমাছি | মৌমাছি

আরশোলা | আরশোলা




মাকড়সা | মাকড়সা




পিঁপড়ে | পিঁপড়ে




শামুক | শামুক




ব্যাঙ | ব্যাঙ




টিকটিকি | টিকটিকি








সাপ | সাপ





কুমির | কুমির

কচ্ছপ | কচ্ছপ


চিংড়ি মাছ | চিংড়ি মাছ


গর্ত | গর্ত




জঞ্জাল | জঞ্জাল

জঙ্গল | জঙ্গল

চিড়িয়াখানা | চিড়িয়াখানা

# বাক্য গঠন ঃ করে দেখ




ইশারা কর




বাংলায় লেখ — ময়ূর একটা পাখী

ইশারা কর



বাংলায় লেখ — আমি খরগোশ ভালোবাসি।

ইশারা কর



বাংলায় লেখ — হরিণের দুটি শিং আছে।



| | |
|---|---|
| ইশারা কর | পশু লেজ আছে |
| বাংলায় লেখ | পশুদের লেজ আছে। |
| ইশারা কর | সাপ গর্ত থাকে |
| বাংলায় লেখ | সাপ গর্তে থাকে। |
| ইশারা কর | চিতাবাঘ ভাল্লুক শেয়াল জঙ্গল থাকে |
| বাংলায় লেখ | চিতাবাঘ, ভাল্লুক ও শেয়াল জঙ্গলে থাকে। |
| ইশারা কর | পোকা জঞ্জাল থাকে |
| বাংলায় লেখ | জঞ্জালে পোকা থাকে। |
| ইশারা কর | সিংহ কেশর আছে |
| বাংলায় লেখ | সিংহের কেশর আছে। |
| ইশারা কর | জিরাফ গলা লম্বা |
| বাংলায় লেখ | জিরাফের লম্বা গলা। |
| ইশারা কর | হনুমান লেজ বড় |
| বাংলায় লেখ | হনুমানের লেজ বড়। |
| ইশারা কর | চিড়িয়াখানা জলহস্তী হরিণ গন্ডার আছে |
| বাংলায় লেখ | চিড়িয়াখানায় জলহস্তী, হরিণ ও গন্ডার আছে। |

# বিষয় ঃ যানবাহন

## শিখন উদ্দেশ্য

### শব্দ পরিচয়

- যানবাহনের নাম চিহ্নিত করতে পারবে।
- যানবাহনের নাম ইশারায় দেখাতে পারবে।
- যানবাহনের নাম চিহ্নিত করতে পারবে।
- যানবাহন বা ছবি দেখে, তাদের ইশারা দেখে বা ওষ্ঠপাঠ করে তাদের নামগুলি লিখে দিতে পারবে।
- নাম পড়ে যানবাহনগুলি দেখাতে ও তাদের ইশারা দেখাতে পারবে।
- যানবাহনের নাম উচ্চারন করে পড়তে পারবে।#
- যানবাহনের নাম শুনে বস্তু / ছবি দেখাতে পারবে।#

### বাক্য গঠন

- যানবাহন দিয়ে দুই শব্দের ইশারা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- যানবাহন দিয়ে দুই শব্দের বাংলা শব্দ-বন্ধ তৈরী করতে পারবে।
- যানবাহন দিয়ে সরল ইশারা বাক্য তৈরী করতে পারবে।
- যানবাহন দিয়ে সরল বাংলা বাক্য তৈরী করতে পারবে।

## পদ্ধতি

### শব্দ পরিচয়

পূর্ববর্তী অধ্যায়গুলিতে যেভাবে শব্দ পরিচয় পদ্ধতি দেখানো হয়েছে এ অধ্যায়েও সেই ভাবে শব্দ পরিচয় করাতে হবে।

### বাক্য গঠন

পূর্ববর্তী অধ্যায়ের অনুসরণে বিষয় অনুযায়ী প্রাসঙ্গিক বাক্য গুলিকে মডেল বা নমুনা বাক্য করে অনুরূপ বাক্য গঠন করতে শেখাতে হবে।
এই অধ্যায়ের আলোচ্য বিষয় হল যানবাহন, কোথায় চলে, কে চালায় -- ইত্যাদি।

যেমন ঃ বাস চলে রাস্তায়।
নৌকা চালায় মাঝি।
ট্রাক্টর জমি চষে। --- ইত্যাদি


এবার এই বাক্য গুলিকে মডেল বা নমুনা বাক্য করে অনুরূপ বাক্য গঠন করতে শেখাতে হবে।

যেমনঃ **নমুনা বাক্য ঃ বাস চলে রাস্তায়।**
অনুরূপ বাক্য ঃ নৌকা চলে জলে। এরোপ্লেন চলে আকাশে।
**নমুনা বাক্য ঃ নৌকা চালায় মাঝি।**
অনুরূপ বাক্য ঃ বাস চালায় ড্রাইভার। এরোপ্লেন চালায় পাইলট। --- ইত্যাদি


মনে রাখতে হবে ভাষার প্রয়োজন ধারণা ও ভাবনাকে প্রকাশ করার জন্য। তাই একটা দুটো বাক্য গঠনই ভাষা-শিক্ষা বা ধারণা তৈরীর পক্ষে যথেষ্ট নয়। অতএব বিষয়টি নিয়ে শিশুকেন্দ্রিক ভাষায় স্বাভাবিক কথপোকথন যত বেশী করা হবে ও তার ভিত্তিতে যত বেশী প্রাসঙ্গিক বাক্য গঠন করানো যাবে ততই ভাল।





যানবাহন


যানবাহন



বাস


বাস



লরী/ট্রাক


লরী/ট্রাক



জীপ


জীপ



ট্যাক্সি


ট্যাক্সি



রিক্সা


রিক্সা



এম্বুলেন্স


এম্বুলেন্স



দমকল


দমকল


# বিষয় ঃ যানবাহন


| | |
|---|---|
| ট্রাক্টর | ট্রাক্টর |


| | |
|---|---|
| রাস্তা | রাস্তা |


| | |
|---|---|
| সিগন্যাল | সিগন্যাল |


| | |
|---|---|
| ফুটপাথ | ফুটপাথ |


| | |
|---|---|
| জেব্রা ক্রসিং | জেব্রা ক্রসিং |

| | |
|---|---|
| পার হওয়া | পার হওয়া |






| | |
|---|---|
| ড্রাইভার | ড্রাইভার |


| | |
|---|---|
| কন্ডাক্টর | কন্ডাক্টর |









| | |
|---|---|
| টিকিট | টিকিট |


| | |
|---|---|
| ট্রেন | ট্রেন |


| | |
|---|---|
| মেট্রো রেল | মেট্রো রেল |


| | |
|---|---|
| রেলের গার্ড | রেলের গার্ড |


| | |
|---|---|
| টিকিট চেকার | টিকিট চেকার |

| | |
|---|---|
| নৌকা | নৌকা |









| | |
|---|---|
| লঞ্চ/জাহাজ | লঞ্চ/জাহাজ |

| | |
|---|---|
| মাঝি | মাঝি |

# বিষয় ঃ যানবাহন

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| এরোপ্লেন | এরোপ্লেন | রকেট | রকেট |
|  |  |  |  |
| পাইলট | পাইলট | দূর্ঘটনা | দূর্ঘটনা |
|  |  |  |  |
| রোগী | রোগী | আগুন | আগুন |
|  |  |  |  |
| নেভানো | নেভানো | কাছে | দূরে |






| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | রাস্তা পার হও। |

| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | জেব্রা ক্রসিং **দিয়ে** রাস্তা পার হও। |

| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | দমকল আগুন নেভায়। |

| | |
|---|---|
| ইশারা কর |  |
| বাংলায় লেখ | পাইলট এরোপ্লেন চালায়। |

# বাক্য গঠন ঃ করে দেখ

| | |
|---|---|
| ইশারা কর | অ্যাম্বুলেন্স হাসপাতাল যাওয়া |
| বাংলায় লেখ | অ্যাম্বুলেন্সে করে হাসপাতালে যায় |

| | |
|---|---|
| ইশারা কর | কন্ডাক্টর টিকিট দেওয়া |
| বাংলায় লেখ | কন্ডাক্টর টিকিট দেয়। |

| | |
|---|---|
| ইশারা কর | মাঝি নৌকা বাওয়া |
| বাংলায় লেখ | মাঝি নৌকা বায়। |

| | |
|---|---|
| ইশারা কর | বাস ড্রাইভার চালানো |
| বাংলায় লেখ | ড্রাইভার বাস চালায় |

| | |
|---|---|
| ইশারা কর | ফুটপাথ লোক হাঁটা |
| বাংলায় লেখ | ফুটপাথ দিয়ে লোক হাঁটে। |

| | |
|---|---|
| ইশারা কর | শিক্ষক রিক্সা আসা |
| বাংলায় লেখ | রিক্সা করে শিক্ষক আসেন। |

| | |
|---|---|
| ইশারা কর | মেট্রো রেল বাড়ি যাওয়া |
| বাংলায় লেখ | মেট্রো রেলে করে বাড়ি যাবো। |

| | |
|---|---|
| ইশারা কর | সিগন্যাল দেখা না দুর্ঘটনা |
| বাংলায় লেখ | সিগন্যাল না দেখলে দুর্ঘটনা হয়। |



জানবো এবার - বইটি আমি দেখেছি। বধিরতাযুক্ত শিশুর ভাষা শিক্ষার জন্য এটি একটি শুভ প্রচেষ্টা। বইটির উদ্দেশ্য ও লক্ষ্য পরিষ্কার। বইটির সাহায্যে একটি বধির শিশুকে সাক্ষরতার লক্ষ্যে নিশ্চিত ভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে। ইশারা ভাষা হল এক দৃষ্টি নির্ভর ভাষা যার মধ্যে শারীরিক অভিব্যক্তি ও মুখভঙ্গির এক বিশেষ ভূমিকা রয়েছে। তাই উপযুক্ত প্রশিক্ষকের মাধ্যমেই বইটির ব্যবহার বাঞ্ছনীয়। আমার বিশ্বাস বধির শিশুদের ভাষা বিকাশের ক্ষেত্রে বাংলার শিক্ষক শিক্ষিকাদের জন্য এ বইটি একটি বিশেষ সাহায্যকারী বই হয়ে উঠবে।

সুপ্রিয়া সেনগুপ্ত
শিক্ষিকা - পরিদর্শক
আলি যাবর জঙ্গ ন্যাশানাল ইনস্টিটিউট ফর হিয়ারিং হ্যান্ডিক্যাপ্‌ড্‌
পুর্বাঞ্চলীয় শাখা, কলকাতা

---

জানবো এবার - বইটি আমরা দেখেছি। আমাদের খুব ভালো লাগলো এটা দেখে যে বধির শিশুদের ইশারা ভাষার মাধ্যমে বাংলা ভাষা শেখানোর এমন একটা চেষ্টা শুরু হয়েছে। আমাদের মনে হয় বইটি বধির শিশুদের ভাষা শিক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা নেবে।

চম্পক কুমার সেন
সম্মানিক সাধারণ সম্পাদক
সোসাইটি ফর দ্য ডেফ
১২৫, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড
কলিকাতা - ৭০০০১৪